গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০১.২০.৩১

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

বিষয়: **বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) অনুযায়ী নবসৃষ্ঠ পদসমূহ পূরণের লক্ষ্যে নিয়োগ পরিকল্পনা (রোডম্যাপ) অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০০৩.০০৮.১৯-২৭৫, তারিখ: ১৯.১২.২০১৯খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০০২.২০-২২৩, তারিখ: ২৩.১১.২০২০ খ্রি.
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২০-১২, তারিখ: ১০.১২.২০২০খ্রি.
(৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২১-১৬২, তারিখ: ০৯.০৮.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে,"বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮" বিগত ১৯/০৭/২০১৮ তারিখে জারী হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকে নতুন পদে নিয়োগের রোডম্যাপ অনুমোদন দেয়া হয় । সূত্রোক্ত (২) নং স্মারকে "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)" সংশোধন করা হয়। উক্ত সংশোধিত নীতিমালার ২৭ (গ) নং অনুচ্ছেদে 'জনবল কাঠামোতে নবসৃষ্ঠ পদসমূহে পর্যায়ক্রমে ৫ (পাঁচ) বছরে পূরণযোগ্য' হবে মর্মে উল্লেখ আছে। তৎপ্রেক্ষিতে নবসৃষ্ঠ পদসমূহ পর্যায়ক্রমে নিয়োগের লক্ষ্যে **রোডম্যাপ** প্রণয়নপূর্বক সূত্রোক্ত (৩) নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়। কিন্তু নবসৃষ্ঠ পদে নিয়োগের রোডম্যাপ অদ্যাবধি অনুমোদন করা হয়নি বিধায় নবসৃষ্ট পদসমূহে নিয়োগে জটিলতার সৃষ্টি হচ্ছে।

পরবর্তীতে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর কতিপয় অংশ বাতিল/সংযোজন করা হয়েছে। "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) অনুযায়ী সূত্রোক্ত (৪) নং স্মারকে বৃদ্ধিপ্রাপ্ত পদসমূহে নিয়োগের রোডম্যাপ প্রস্তুতের নিমিত্তে উপ-পরিচালক (অর্থ) কে আহ্বায়ক করে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় । উক্ত কমিটি নিয়োগের রোডম্যাপ প্রস্তুতপূর্বক প্রতিবেদন দাখিল করেন (সংযুক্ত)। দাখিলকৃত প্রতিবেদনের সাথে একমত পোষণ পূর্বক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন)-এর অনুচ্ছেদ ৬.১ (ক), (খ), (গ) ও (ঘ)-তে বর্ণিত মাদ্রাসাসমূহের স্তরভিত্তিক নবসৃষ্ঠ পদসমূহে পর্যায়ক্রমে নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত রোডম্যাপ (নিয়োগ পরিকল্পনা) এর প্রস্তাবনা করা হলো:

(ক) দাখিলমাদ্রাসা:

| ক্রমিকনং | নবসৃষ্ঠ পদের নাম | পদ সংখ্যা | যে পর্যায়ে নিয়োগ করতে হবে | যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করা যেতে পারে |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী মৌলভী (ক্বারী) | ০১ | দাখিল মাদ্রাসা | ২০২২-২০২৩ |

(খ) আলিম মাদ্রাসা:

| ক্রমিক | নবসৃষ্ট পদের নাম | পদ সংখ্যা | যে পর্যায়ে নিয়োগ করতে হবে | যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করা যেতে পারে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী মৌলভী (ক্বারী) | ০১ | আলিম মাদ্রাসা | ২০২২-২০২৩ |
| ০২ | প্রভাষক (গণিত) | ০১ | আলিম মাদ্রাসা | ২০২৩-২০২৪ |

(গ) ফাযিল মাদ্রাসা

| ক্রমিকনং | নবসৃষ্ঠ পদের নাম | পদ সংখ্যা | যে পর্যায়ে নিয়োগ করতে হবে | যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করা যেতে পারে |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী মৌলভী (ক্বারী) | ০১ | ফাযিল মাদ্রাসা | ২০২২-২০২৩ |
| ০২ | প্রভাষক (গণিত) | ০১ | আলিম মাদ্রাসা | ২০২৩-২০২৪ |

(ঘ) কামিল মাদ্রাসা:

| ক্রমিক নং | নবসৃষ্ঠ পদের নাম | পদ সংখ্যা | যে পর্যায়ে নিয়োগ করতে হবে | যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করা যেতে পারে |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী মৌলভী (ক্বারী) | ০১ | কামিল মাদ্রাসা | ২০২২-২০২৩ |
| ০২ | প্রভাষক (গণিত) | ০১ | আলিম মাদ্রাসা | ২০২৩-২০২৪ |

০৫। এমতাবস্থায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (সর্বশেষ সংশোধন/পরিমার্জন) অনুযায়ী নবসৃষ্ঠ পদসমূহে বর্ণিত সময়কাল অনুযায়ী নিয়োগ প্রদানের লক্ষ্যে উপরিল্লিখিত নিয়োগ পরিকল্পনা (রোডম্যাপ) অনুমোদনের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: অতিরিক্ত বার্ষিক আর্থিক সংশ্লেষণসহ ০৫ ফর্দ ।

৩১-৮-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০১.২০.৩১/১(৫)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) উপসচিব, এমপিও শাখা , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৫) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৩১-৮-২০২১
মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক